

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।

তারিখ : ১৬/১০/২০১৭ খ্রি.

একবছর মেয়াদী কামিল (মাস্টার্স) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর অধীন সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকায় ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে কামিল (মাস্টার্স এক বছর মেয়াদী) শ্রেণিতে ভর্তির কার্যক্রম আগামী ১৮/১০/২০১৭ তারিখ থেকে ০৬/১১/২০১৭ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে। আগ্রহী শিক্ষার্থীদের উল্লিখিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগ হতে ভর্তি ফরম সংগ্রহ করে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে।

ক) একবছর মেয়াদী মাস্টার্স শ্রেণির বিভাগসমূহ :

- ০১। আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, কক্ষ নং-১০৫
- ০২। আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, কক্ষ নং-১০৬
- ০৩। দাওয়া এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, কক্ষ নং-১০৮
- ০৪। আরবি ভাষা ও সাহিত্য বিভাগ, কক্ষ নং-১০৯
- ০৫। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, কক্ষ নং-১১১


খ) ভর্তির যোগ্যতা :

ইসলামি বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-এর অধীন ফাযিল (অনার্স) ৪র্থ বর্ষ চূড়ান্ত পরীক্ষা-২০১৪ এ উত্তীর্ণ শিক্ষার্থীরাই সংশ্লিষ্ট বিভাগে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

গ) ভর্তির নিয়মাবলী :

- ০১। প্রথমে স্ব স্ব বিভাগে সেমিনার ফি জমা দিয়ে ভর্তি রশিদ সংগ্রহ করতে হবে।
- ০২। মাদরাসা ক্যাশিয়ারের নিকট ভর্তির যাবতীয় টাকা জমা দিতে হবে।
- ০৩। ভর্তির টাকা জমার রশিদ দেখিয়ে স্ব স্ব বিভাগ থেকে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করতে হবে।
- ০৪। যথাযথভাবে আবেদন ফরম পূরণ করে ২ কপি ফটোকপি করতে হবে। প্রত্যেক কপির সাথে (মোট তিন কপি) উত্তীর্ণ সকল পরীক্ষার নম্বরপত্র ও প্রসংশাপত্রের ফটোকপি এবং দু'টি করে রঙ্গীন ছবি সংযুক্ত করতে হবে।
- ০৫। ফাযিল (অনার্স) পরীক্ষার মূল নম্বরপত্র ও প্রসংশাপত্র একটি খামে ভরে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

বি:দ্র : আগামী ২২/১১/২০১৭ বুধবার থেকে মাস্টার্স শ্রেণির ক্লাস শুরু হবে।


প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ
আইডি নং-০০৯৪৯০
অধ্যক্ষ
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।
প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ
অধ্যক্ষ
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা